# রাজ্যজুড়ে চলছে বিশেষ আর্থিক সাক্ষরতা ও আর্থিক সংপৃক্তিকরন শিবির



আওয়াজ প্রতিনিধি।। বিলোনিয়া।। ২৬ আগস্ট: রাজ্যের প্রতিটি পরিবারকে আর্থিক অন্তর্ভুক্তি এবং সামাজিক নিরাপত্তা বলয়ে নিয়ে আসার লক্ষ্যে ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে হচ্ছে আর্থিক সাক্ষরতা ও আর্থিক সংপৃক্তিকরন শিবির। ভারতীয় রির্জাভ ব্যান, বাগমা এগ্রি প্রোডিউসার কোম্পানি লিমিটেড পরিচালিত আর্থিক সাক্ষরতা কেন্দ্র ও ব্যানগুলির উদ্যোগে রাজ্যজুড়ে চলছে বিশেষ আর্থিক সাক্ষরতা ও আর্থিক সংপৃক্তিকরন শিবির। সোমবার ত্রিপুরা গ্রামীন ব্যানের উদ্যোগে ঋষ্যমুখ ব্লকের উত্তর সোনাইছড়ি কমিউনিটি হলে এবং ভারতীয় স্টেট ব্যানের উদ্যোগে পশ্চিম পাইখোলা গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত হয় বিশেষ আর্থিক সাক্ষরতা ও আর্থিক সংপৃক্তিকরন শিবির। ভারতীয় রিজার্ভ ব্যাংকের আগরতলা শাখার ভারপ্রাপ্ত জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার, রিজার্ভ ব্যাংকের আগরতলা শাখার জেনারেল ম্যানেজার ওনসিং মার্চং সহ ভারতীয় স্টেট ব্যান, পাঞ্জাব ন্যাশানাল ব্যান, ত্রিপুরা গ্রামীন ব্যান, ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যানের রাজ্যস্তরীয় আধিকারিকরা, ত্রিস্তরীয় পঞ্চায়েতের জন প্রতিনিধিগন, বাগমা এগ্রি প্রোডিউসার কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সুদীপ মজুমদার, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ফারুকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন দুইটি শিবিরে। শিবিরে বক্তব্য রাখতে গিয়ে ভারতীয় রিজার্ভ ব্যাংকের আগরতলা শাখার ভারপ্রাপ্ত জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার বলেন, মানুষকে নিজের প্রয়োজনে টাকাপয়সা খরচ করে ব্যানে যেতে হত। এখন ব্যান মানুষের দরজায় আসছে। প্রতিটি মানুষকে ব্যান একাউন্ট খুলে সুরক্ষিত ভাবে লেনদেন করতে এবং সময়মত ব্যানে কেওয়াইসি - র কাজ সেরে নেওয়ার অনুরোধ জানান তিনি। প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা এবং অটল পেনশন যোজনার মত সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির সুযোগ নিতেও শিবিরে আসা মানুষজনদের আহ্বান জানান তিনি। উত্তর সোনাইছড়ির শিবিরে গাবুরছড়া এলাকার প্রধানমন্ত্রী জীবন জোতি বীমা যোজনার সুবিধাভোগী প্রয়াতা বিউটি মজুমদার দত্তের নমিনি সুজিত দত্তের হাতে বীমার ২ লাখ টাকার প্রতীকি চেক তুলে দেন তিনি।